# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা ৬৩/২০১৮-১৯**

**ঢাকা, শনিবার ২৯ সেপ্টেম্বর ২০১৮, ১৪ আশ্বিন ১৪২৫**

### আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন আজ, যাচ্ছেন রাষ্ট্রপতি

২। রোহিঙ্গা সমস্যার সমাধান করতে হবে মিয়ানমারকেই : জাতিসংঘে ভাষণে প্রধানমন্ত্রী
দেশটির সঙ্গে জাতিসংঘের চুক্তি দ্রুত বাস্তবায়নের তাগিদ প্রধানমন্ত্রীর

৩। নিউইয়র্কে বাংলাদেশ সরকারের প্রতি জাতিসংঘের পূর্ণ সংহতি প্রকাশ

৪। বাংলাদেশে গণতন্ত্র অব্যাহত থাকুক দেখতে চায় যুক্তরাষ্ট্র : প্রধানমন্ত্রী

৫। নারীর ক্ষমতায়ন এগিয়ে নিতে তিনটি পদক্ষেপ জরুরি : প্রধানমন্ত্রী

৬। প্রধানমন্ত্রীর দু'টি পুরস্কার গ্রহণ

৭। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নত দেশ গড়ার প্রত্যয়
নানা আয়োজনে দেশব্যাপী প্রধানমন্ত্রীর জন্মদিন পালন

৮। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি নিরসনে আসেপ সম্মেলন মাইলফলক : স্পিকার

৯। জাতিসংঘে ডিজিটাল বাংলাদেশের চিত্র দেখালেন প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়

১০। শ্রীলঙ্কায় অটিজম বিষয়ক সম্মেলনে যোগ দিলেন অটিজম
সংক্রান্ত জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন সায়মা ওয়াজেদ

১১। তথ্য অধিকার আইন জনগণের ক্ষমতায়ন নিশ্চিত করেছে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

১২। এ সরকার দেশের উন্নয়নের সরকার : তথ্যমন্ত্রী

১৩। একাত্তরের গণহত্যার বিচার আন্তর্জাতিকভাবে হওয়া উচিত : সংস্কৃতিমন্ত্রী

১৪। তিনদিনের পর্যটনমেলা শুরু
সমুদ্র সৈকতকে পর্যটকবান্ধব করার উদ্যোগ নিয়েছে সরকার : পর্যটনমন্ত্রী

১৫। ডিসেম্বরের মধ্যে প্রতিটি ঘরে বিদ্যুৎ : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

চলমান পাতা-২

১। **রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন আজ, যাচ্ছেন রাষ্ট্রপতি**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দশম সমাবর্তন আজ। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বিশ্ববিদ্যালয়ে আসছেন। এদিন বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের স্টেডিয়াম মাঠে সমাবর্তনের উদ্বোধন করবেন তিনি। এর আগে দু'টি দশতলা বিশিষ্ট আবাসিক হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন রাষ্ট্রপতি। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৭,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক. ১)।

২। **রোহিঙ্গা সমস্যার সমাধান করতে হবে মিয়ানমারকেই : জাতিসংঘে ভাষণে প্রধানমন্ত্রী**
**দেশটির সঙ্গে জাতিসংঘের চুক্তি দ্রুত বাস্তবায়নের তাগিদ প্রধানমন্ত্রীর**

রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে জাতিসংঘের সঙ্গে মিয়ানমারের যে চুক্তি হয়েছে তা দ্রুত বাস্তবায়নের তাগিদ দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যেহেতু রোহিঙ্গা সমস্যার উদ্ভব হয়েছে মিয়ানমারে, তাই এর সমাধানও হতে হবে মিয়ানমারেই। আমরা দ্রুত রোহিঙ্গা সমস্যার শান্তিপূর্ণ সমাধান চাই। গত ২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার স্থানীয় সময় সন্ধ্যায় নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশনে দেওয়া ভাষণে মিয়ানমারের ভূমিকায় হতাশা প্রকাশ করে প্রধানমন্ত্রী আরো বলেন, আমাদের ঐকান্তিক প্রচেষ্টা সত্ত্বেও আজ পর্যন্ত মিয়ানমারে রোহিঙ্গাদের স্থায়ী ও টেকসই প্রত্যাবাসন শুরু করা সম্ভব হয়নি। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেখানো পথ ধরে প্রতিবছরের মতো এবারো জাতিসংঘে বাংলায় ভাষণ দেন প্রধানমন্ত্রী। ১৯ মিনিট স্থায়ী ভাষণে রোহিঙ্গা সঙ্কট, বিশ্বশান্তি প্রতিষ্ঠায় জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের সক্রিয় অংশগ্রহণ, সন্ত্রাসবাদ মোকাবিলায় সরকারের জিরো টলারেন্স নীতি, বাংলাদেশের উন্নয়ন-অগ্রযাত্রা, নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণসহ বঙ্গবন্ধুর ক্ষুধা, দারিদ্র্য, নিরক্ষরতা ও শোষণমুক্ত সোনার বাংলাদেশ প্রতিষ্ঠার অঙ্গীকারের কথা বিশ্বসভায় তুলে ধরেন প্রধানমন্ত্রী। তিনিই বাংলাদেশের একমাত্র সরকার প্রধান, যিনি ১৫ বার সাধারণ পরিষদে ভাষণ দেওয়ার নজিরবিহীন দৃষ্টান্ত স্থাপন করলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৩। **নিউইয়র্কে বাংলাদেশ সরকারের প্রতি জাতিসংঘের পূর্ণ সংহতি প্রকাশ**

জাতিসংঘ বাংলাদেশ সরকার ও দেশের জনগণের প্রতি পূর্ণ সংহতি ও সহযোগিতার কথা ব্যক্ত করেছে। গত বৃহস্পতিবার নিউইয়র্কে বাংলাদেশের প্রধানমন্ত্রীর সঙ্গে এক বৈঠকে জাতিসংঘ মহাসচিব অ্যান্টোনিও গুতেরেস বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার ও বাংলাদেশের জনগণের প্রতি জাতিসংঘের পূর্ণ সংহতি এবং পূর্ণ সহযোগিতা রয়েছে। গত ২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার জাতিসংঘ সদরদপ্তরে মহাসচিবের সভাকক্ষে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের পর পররাষ্ট্র সচিব মোঃ শহিদুল হক সাংবাদিকদের ব্রিফ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৪। **বাংলাদেশে গণতন্ত্র অব্যাহত থাকুক দেখতে চায় যুক্তরাষ্ট্র : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে গণতন্ত্র অব্যাহত থাকুক দেখতে চায় যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও স্থানীয় সময় শুক্রবার সকালে প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর হোটেলে দেখা করে এ কথা বলেছেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী। গতকাল (২৮ সেপ্টেম্বর শুক্রবার) জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের বঙ্গবন্ধু মিলনায়তনে আয়োজিত সংবাদসম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

৫। **নারীর ক্ষমতায়ন এগিয়ে নিতে তিনটি পদক্ষেপ জরুরি : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নয়নের হাতিয়ার হিসেবে নারীর ক্ষমতায়ন এগিয়ে নিতে তিনটি পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেছেন। নারীর ক্ষমতায়নের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের গতি ত্বরান্বিত করা নিয়ে জাতিসংঘ সদরদপ্তরে এক উচ্চপর্যায়ের আলোচনায় তিনি বলেন, বদ্ধমূল ধারণা থেকে বেরিয়ে এসে নারীর সক্ষমতা বৃদ্ধি, সহিংসতাসহ অন্যান্য চ্যালেঞ্জ মোকাবিলা করে নারীর উৎপাদনশীলতা বৃদ্ধি এবং জীবন ও জীবিকার সবক্ষেত্রে

নারীর জন্য সমান সুযোগ সৃষ্টি করতে পারে, এমন নীতি গ্রহণ করতে হবে। নিউইয়র্কে গত ২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার এ অনুষ্ঠানে জাতিসংঘের মহাসচিব অ্যান্টোনিও গুতেরেস উপস্থিত ছিলেন। লিথুনিয়ার প্রেসিডেন্ট ও



কাউন্সিল অব উইমেন লিডার্সের সভাপতি দালিয়া গ্রাইবোস্কাইত এ অনুষ্ঠানের আয়োজন করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**৬। প্রধানমন্ত্রীর দু'টি পুরস্কার গ্রহণ**

রোহিঙ্গাদের আশ্রয়দানে মানবিক ও দায়িত্বশীল নীতির জন্য অনন্য নেতৃত্বের স্বীকৃতি হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মর্যাদাপূর্ণ 'ইন্টারন্যাশনাল অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড' এবং '২০১৮ স্পেশাল ডিস্টিংকশন অ্যাওয়ার্ড ফর আউটস্ট্যান্ডিং অ্যাচিভমেন্ট' প্রদান করা হয়েছে। বৈশ্বিক সংবাদ সংস্থা ইন্টার প্রেস সার্ভিস (আইপিএস) প্রধানমন্ত্রীকে ইন্টারন্যাশনাল অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড এবং নিউইয়র্ক, জুরিখ ও হংকং-ভিত্তিক একটি অলাভজনক ফাউন্ডেশনের নেটওয়ার্ক গ্লোবাল হোপ কোয়ালিশন '২০১৮ স্পেশাল ডিস্টিংকশন অ্যাওয়ার্ড ফর আউটস্ট্যান্ডিং অ্যাচিভমেন্ট' সম্মাননা প্রদান করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার পৃথক দু'টি অনুষ্ঠানে এ অ্যাওয়ার্ড গ্রহণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সংবাদ** (শেষ পৃ, ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬)।

**৭। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নত দেশ গড়ার প্রত্যয়**
**নানা আয়োজনে দেশব্যাপী প্রধানমন্ত্রীর জন্মদিন পালন**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে জনগণের ভোটে বিজয়ী করার মাধ্যমে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে তাঁর নেতৃত্বে দেশকে এগিয়ে নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়ার অঙ্গীকারের মধ্য দিয়ে গতকাল (২৮ সেপ্টেম্বর শুক্রবার) দেশব্যাপী পালিত হয়েছে প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার ৭২তম জন্মদিন। দিনটিতে আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতাকর্মীরা কেক কেটে আনন্দ মিছিল, স্মৃতিচারণ, আলোচনাসভা, আনন্দ শোভাযাত্রা, ৩৭ বছরের বর্ণাঢ্য রাজনৈতিক জীবনের আলোকচিত্র প্রদর্শনী, প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে লেখা বিভিন্ন প্রবন্ধের সংকলনের মোড়ক উন্মোচন, সাংস্কৃতিক অনুষ্ঠান, দরিদ্রদের মাঝে খাবার বিতরণ, সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

**৮। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি নিরসনে আসেপ সম্মেলন মাইলফলক : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি নিরসনে এশিয়া-ইউরোপিয়ান পার্লামেন্টারি পার্টনারশিপ মিটিং (আসেপ) সম্মেলন একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। এশিয়া ও ইউরোপের পার্লামেন্ট সদস্যগণ সংসদীয় কূটনীতি চর্চার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি নিরসনে অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ পেয়েছে এ সম্মেলনের মাধ্যমে। জনগণের ইতিবাচক পরিবর্তন ও জীবনরক্ষার জন্য সকল সংসদসদস্যগণকে অবশ্যই জলবায়ু পরিবর্তন হ্রাসে সোচ্চার হতে হবে। গতকাল (২৮ সেপ্টেম্বর শুক্রবার) বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে ইউরোপিয়ান পার্লামেন্টে দশম আসেপ সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে কো-চেয়ার হিসেবে বক্তৃতাকালে স্পিকার এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৭), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৯। জাতিসংঘে ডিজিটাল বাংলাদেশের চিত্র দেখালেন প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়**

প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় ডিজিটাল ট্রান্সফরমেশন বিষয়ক এস্তোনিয়া-ইউএনডিপি প্রকল্পের সূচনা উপলক্ষে আয়োজিত এক আলোচনায় অংশ নিয়েছেন। এস্তোনিয়ার প্রেসিডেন্ট কেরস্তি কালিজুলাইদ এবং ইউএনডিপি প্রশাসক অচিম স্টেইনার প্রকল্পের সূচনা অনুষ্ঠানে বক্তব্য দেন। গত ২৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার নিউইয়র্ক সময় সকালে জাতিসংঘ সদরদপ্তরে 'লঞ্চ অব এস্তোনিয়া-ইউএনডিপি কোঅপারেশন : ডিজিটাল ট্রান্সফরমেশন অ্যাজ সাস্টেইনেবল ডেভেলপমেন্ট পাথওয়ে' শীর্ষক এ আলোচনা অনুষ্ঠিত হয়। এস্তোনিয়ার প্রেসিডেন্ট ও ইউএনডিপি প্রশাসক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সজীব ওয়াজেদ জয়ের নেতৃত্বে বাংলাদেশের ডিজিটালাইজেশন কর্মসূচির উচ্ছ্বসিত প্রশংসা করেন। প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা বলেন, বর্তমান আওয়ামী লীগ সরকার ২০০৮ সালের নির্বাচনি ইশতেহারে ডিজিটাল বাংলাদেশ কর্মসূচি অন্তর্ভুক্ত করে। ২০০৯ সালে আওয়ামী লীগ সরকার ক্ষমতা গ্রহণের পর দেশে ডিজিটাল বিপ্লব শুরু হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮)।

**১০। শ্রীলঙ্কায় অটিজম বিষয়ক সম্মেলনে যোগ দিলেন অটিজম সংক্রান্ত জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন সায়মা ওয়াজেদ**

অটিজম ও নিউরো ডেভেলপমেন্ট ডিজঅর্ডার সংক্রান্ত জাতীয় উপদেষ্টা কমিটির চেয়ারপার্সন সায়মা ওয়াজেদ পুতুল শ্রীলঙ্কার কলম্বোতে ইন্টারন্যাশনাল ডে ফর ইউনিভার্সাল অ্যাকসেস টু ইনফরমেশনের (আইডিইউএআই) তৃতীয় বার্ষিক সম্মেলনে যোগ দেন। কলম্বোর হোটেল মাউন্ট লাভিনিয়ায় দু'দিনের এ সম্মেলন



গতকাল (২৮ সেপ্টেম্বর শুক্রবার) শুরু হয়েছে। সম্মেলন চলাকালে আন্তর্জাতিক প্যানেলের সমন্বয়ে গঠিত বিশেষজ্ঞ পর্যায়ে কর্মশালা ও অন্যান্য উচ্চপর্যায়ের ইভেন্ট হবে। স্কুল ফিজিওলজিস্ট সায়মা ওয়াজেদ দু'টি পৃথক ইভেন্টে যোগ দিচ্ছেন। ইভেন্ট দু'টি হচ্ছে, পলিসিস ফর ডিজিটাল স্কলারশিপ ও ডিজএ্যাবিলিটি। ভারত ও শ্রীলঙ্কার বিশিষ্ট ব্যক্তিবর্গ এতে যোগ দিচ্ছেন। কর্মশালায় প্রতিবন্ধীদের সঙ্গে সাধারণের লেখাপড়ার জন্য বাংলাদেশে প্রযুক্তিগত সম্পদের সহজলভ্যতা এবং বাধা থাকা সত্ত্বেও শিক্ষা ব্যবস্থায় তারা কিভাবে সম্পৃক্ত হচ্ছে, সেসব বিষয় নিয়ে আলোচনা হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.২)।

**১১। তথ্য অধিকার আইন জনগণের ক্ষমতায়ন নিশ্চিত করেছে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

তথ্য অধিকার আইন জনগণের ক্ষমতায়ন ও সরকারের জবাবদিহিতা নিশ্চিত করেছে বলে মন্তব্য করেছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। তিনি বলেন, জনগণ যাতে সহজে যে কোনো সময় সব তথ্য জানতে পারে তার জন্য তথ্য অধিকার আইন ২০০৯ দেশের একটি অনন্য আইন হিসেবে পরিচিত। আর তথ্য অধিকার আইনই একমাত্র আইন যেটি জনগণ কর্তৃপক্ষের উপর প্রয়োগ করে সরকারের জবাবদিহিতা নিশ্চিত করেছে। 'আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস' উপলক্ষে গতকাল (২৮ সেপ্টেম্বর শুক্রবার) তথ্য কমিশন আয়োজিত এক সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। 'মুক্ত সমাজের জন্য উন্মুক্ত আইন : টেকসই উন্নয়নে তথ্যে অভিগমণ' এ প্রতিপাদ্যকে সামনে রেখে জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত সংবাদসম্মেলনে মূল বক্তব্য পাঠ করেন প্রধান তথ্য কমিশনার মরতুজা আহমদ। সংবাদসম্মেলনে তথ্য কমিশনার সুরাইয়া বেগম ও নেপাল চন্দ্র সরকার, তথ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আবুয়াল হোসেন, তথ্য কমিশনের সচিব মো. মুহিবুল হোসেইন, অতিরিক্ত প্রধান তথ্য কর্মকর্তা ফজলে রাব্বী প্রমুখ উপস্থিত ছিলেন। সূত্র- **সংবাদ** (পৃ.৪,ক.৩), **সমকাল** (পৃ.৩,ক.৫)।

**১২। এ সরকার দেশের উন্নয়নের সরকার : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বিএনপি তথা জাতীয় ঐক্য জোট দেশে সাংবিধানিক সঙ্কট সৃষ্টির পাঁয়তারা চালাচ্ছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। এ সরকার দেশের উন্নয়নের সরকার এবং আগামী নির্বাচনে দেশের জনগণ রায় দিয়ে আবারও বর্তমান সরকারকেই দেশ পরিচালনার দায়িত্ব দেবে। তথ্যমন্ত্রী গতকাল (২৮ সেপ্টেম্বর শুক্রবার) কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলায় এক জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক. ৫)।

**১৩। একাত্তরের গণহত্যার বিচার আন্তর্জাতিকভাবে হওয়া উচিত : সংস্কৃতিমন্ত্রী**

একাত্তরে যারা গণহত্যা চালিয়েছিল, শুধু দেশে নয় আন্তর্জাতিক পর্যায়েও তাদের বিচারের জোরালো দাবি রাখে। এতবছর পরও আন্তর্জাতিকভাবে একাত্তরের গণহত্যার বিচারের পরিস্থিতি সৃষ্টি করতে না পারাটা আমাদের জন্য একটি ব্যর্থতা বলে মন্তব্য করেছেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। অনুষ্ঠানে গতকাল (২৮ সেপ্টেম্বর শুক্রবার) বাংলা একাডেমির আবদুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তনে '১৯৭১ মুক্তিযুদ্ধ, গণহত্যা ও বিশ্ব' শীর্ষক দু'দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনে তিনি এসব কথা বলেন। বেলজিয়ামের সমাজকর্মী ও রাজনীতিক পাওলো কাসাকা বলেন, বাংলাদেশে যুদ্ধাপরাধীর যে বিচার হচ্ছে এ বিচার পদ্ধতি আন্তর্জাতিক মানের। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

**১৪। তিনদিনের পর্যটনমেলা শুরু সমুদ্র সৈকতকে পর্যটকবান্ধব করার উদ্যোগ নিয়েছে সরকার : পর্যটনমন্ত্রী**

রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি, বসুন্ধরায় গতকাল (২৮ সেপ্টেম্বর শুক্রবার) থেকে ৭ম এশিয়ান ট্যুরিজম ফেয়ার ২০১৮ শুরু হয়েছে। বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে পর্যটন বিচিত্রার আয়োজনে বাংলাদেশ পর্যটন করপোরেশন (বিপিসি) ও বাংলাদেশ পর্যটন বোর্ডের (বিটিএ) সার্বিক সহায়তায় এ মেলার আয়োজন করা হয়েছে। তিন দিনের এ মেলা চলবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত। মেলার উদ্বোধন উপলক্ষে গতকাল (২৮ সেপ্টেম্বর শুক্রবার) আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী এ কে এম শাহজাহান কামাল। পর্যটন মন্ত্রী বলেন, কক্সবাজার থেকে টেকনাফ পর্যন্ত সৈকতকে পর্যটকবান্ধব করার উদ্যোগ নিয়েছে সরকার। এজন্য আবাসনসহ অবকাঠামো উন্নয়ন করা হবে।

=৫=

কক্সবাজার বিমানবন্দরে নামবে আন্তর্জাতিক ফ্লাইট। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**১৫। ডিসেম্বরের মধ্যে প্রতিটি ঘরে বিদ্যুৎ : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, ডিসেম্বর মাসের মধ্যে সারাদেশে প্রতিটি ঘরে বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে। এখন বিদ্যুৎ নিয়ে মানুষ আন্দোলন করছে না। বিগত সরকারের সময় বিদ্যুতের জন্য মানুষের মধ্যে হাহাকার ছিল। এখন সারাদেশের মানুষ বিদ্যুৎ নিয়ে মহাখুশি। গতকাল (২৮ সেপ্টেম্বর শুক্রবার) জিনজিরাস্থ কেরানীগঞ্জ উপজেলা আওয়ামী লীগের দলীয় প্রধান কার্যালয়ের নতুন ভবনের উদ্বোধন ও শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** নড়াইলের লোহাগড়া উপজেলার আমাদা মাধ্যমিক বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ ভবনের পলেস্তারা খসে দুই শিক্ষার্থী আহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে সারাদেশে এ ধরনের জরাজীর্ণ ঝুঁকিপূর্ণ বিদ্যালয়গুলি সংস্কারে যথাযথ পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **প্রথম আলো :** মালয়েশিয়ায় বন্ধ হয়ে যাওয়া শ্রমবাজার নতুন করে উন্মুক্ত হওয়ার খবরটি উৎসাহব্যঞ্জক উল্লেখ করে দেশটিতে শ্রমিক পাঠানোর বিষয়ে তদারকি জোরদার করার ওপর গুরুত্বারোপ।

গ. **বণিক বার্তা** : সারা বিশ্বের কৃষিক্ষেত্রে বালাইনাশকের মধ্যে কীটনাশকের গড় ব্যবহার মাত্রা ২২ শতাংশ যেখানে বাংলাদেশে এ হার ৩৯ শতাংশ যা বৈশ্বিক ব্যবহার মাত্রার প্রায় দ্বিগুণ উল্লেখ করে প্রাণ-প্রকৃতি রক্ষায় কীটনাশকের বিকল্প পথ ও উপায়গুলো কৃষকদের মধ্যে সম্প্রসারণের আহ্বান।

ঘ. **যুগান্তর** : পদ্মা নদীর নাব্য সংকটের কারণে শিমুলিয়া-কাঁঠালবাড়ি নৌরুটে ফেরি চলাচলে বিঘ্ন ঘটছে উল্লেখ করে অবিলম্বে নদীটি ড্রেজিংয়ের সুপারিশ।

ঙ. **ভোরের কাগজ :** রাজধানীসহ সারাদেশে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সচেতনতা সৃষ্টির পাশাপাশি রাজধানী ও জেলা সদরের হাসপাতালগুলোতে ডেঙ্গু শনাক্তকরণ ও চিকিৎসায় বিশেষ ব্যবস্থা রাখার ওপর গুরুত্বরোপ।

চ. **নিউ এজ :** দেশে প্রতিবছর ২৩ শতাংশ শিশু স্বল্প ওজন নিয়ে জন্ম নিচ্ছে উল্লেখ করে সুস্থ শিশু জন্ম দিতে হলে গর্ভাবস্থায় মা যাতে পর্যাপ্ত পুষ্টি পায় সে ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা